দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ ... 30 JUN 1989 ...
পৃষ্ঠা ... ৪ / কলাম ...

# দেশে মাদ্রাসার সংখ্যা ১৫৩০

।। স্টাফ রিপোর্টার ।।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম জানিয়েছেন, দেশে বর্তমানে আলেম, ফাজেল ও কামেল মাদ্রাসার সংখ্যা ১৫শ' ৩০টি। এতে প্রায় ৫ লাখ ৭৯ হাজার ৪শ' ৫০ জন ছাত্র ও ২৭ হাজার ২শ' ৯৭ জন শিক্ষক রয়েছেন।

গতকাল জাতীয় সংসদে নূর মোহাম্মদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। শাহজাহান সিরাজের অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, বর্তমান বছরে এ পর্যন্ত প্রায় ৪৪ হাজার ৫শ' বিদ্যালয়ে এক কোটি ২৯ লাখ ৯৬ হাজার সেট পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে। আব্দুল মোছাব্বিরের অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, আগামী চতুর্থ পাঁচসালা পরিকল্পনায় দেশের প্রতিটি জেলায় একটি করে শারীরিক ও মানসিক প্রতিবন্ধীদের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা রয়েছে।

সমাজকল্যাণ মন্ত্রী রেজওয়ানুল হক চৌধুরী মুন্সীগঞ্জ ৪ থেকে নির্বাচিত সদস্য নূর মোহাম্মদের এক প্রশ্নের জবাবে জানান, ১৯৮৮-৮৯ অর্থ বছরে দেশের ১৯শ' ৪৩টি সমাজকল্যাণ সংস্থাকে ৩৯ কোটি ৯০ লাখ টাকা অনুদান দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে।